গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশাসকের কার্যালয়
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

## বিষয় ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর মে'২০২৬ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

**সভাপতি** ঃ জনাব এ.এফ.এম. শামীম
প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ১৪ মে'২০২৬ খ্রিস্টাব্দ

**সভার সময়** ঃ সকাল ১০.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভা কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা প্রকৌশলী-কে সভার আলোচ্যসূচি মোতাবেক আলোচনা করার জন্য অনুরোধ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত এপ্রিল'২০২৬ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় এপ্রিল'২০২৬ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | **স্বাস্থ্য বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, উপজেলা সমাজসেবা অফিসের আওতায় পরিচালিত "রোগী কল্যাণ সমিতি" নামক একাউন্টে জমাকৃত অর্থ দ্বারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের চিকিৎসার জন্য জরুরি ঔষধ সরবরাহ করা যেতে পারে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। | চিকিৎসাসহ অন্যান্য কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০২ | **পরিবার পরিকল্পনা বিভাগ** | জেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হয়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৩ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, আধুনিক কৃষি প্রযুক্তি উন্নয়ন বিষয়ক প্রকল্পের মাধ্যমে প্রান্তিক মানুষের উন্নয়নের জন্য কার্যক্রম চলমান রয়েছে। খাদ্য ও পুষ্টি নিরাপত্তা জোরদারকরণ বিষয়ক কার্যক্রমও চলমান রয়েছে। সভায় আলোচনা শেষে পাশ্ববর্তী বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ফসলের রোগবালাই প্রতিরোধে নিয়মিত পরিদর্শন ও কৃষককে পরামর্শ প্রদান এবং অনাবাদি পতিত জমিতে শাক-সবজিসহ অন্যান্য কৃষি ফসল উৎপাদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৪ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য অফিসারের প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-০২

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৫ | **প্রাণিসম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, আইসিডিপি প্রকল্পের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের উপস্থিতিতে ৪০ জন সুফলভোগীকে ৮০টি ছাগি বিতরণ করা হয়েছে। পবিত্র ঈদ-উল-আযহা ২০২৬ উপলক্ষে কোরবানির পশুর হাটে ফ্রি ভেটেরিনারি মেডিকেল টিম সার্বক্ষণিক সেবা প্রদান কার্যক্রম শুরু করেছে। স্টেরয়েডসহ ক্ষতিকর কেমিক্যাল কোরবানির পশুতে ব্যবহার না করার জন্য পরামর্শ প্রদান করা হয়েছে। ১৫০টি গরুতে কৃত্রিম প্রজনন করা হয়েছে। গবাদি পশু ১১১৭টি, হাঁস-মুরগি ৭৮৮১টি এবং পোষা প্রাণী ৯৫টিতে চিকিৎসা প্রদান করা হয়েছে।<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, চর রাজিবপুরে ওয়ান স্টপ সার্ভিস চালু করা হয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন। এছাড়াও খামারিদের পরামর্শ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। সভায় বিস্তারিত আলোচনা শেষে পার্শ্ববর্তী বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিধি মোতাবেক ও স্বচ্ছতা বজায় রেখে বিভাগীয় কার্যক্রম সম্পন্ন ও স্বাস্থ্য সম্মত মাংস ও দুগ্ধ উৎপাদন খামার নিয়মিত পরিদর্শন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০৬ | **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ভিজিএফ কর্মসূচির আওতায় ১৯,৬৬১ জন উপকারভোগীর জন্য বরাদ্দ পাওয়া গেছে এবং ভিজিএফ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।<br>তিনি জানান, ০৩টি ব্রিজের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া ০২টি বন্যা আশ্রয়কেন্দ্রের মধ্যে ০১টির নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং অপর ০১টির কাজ ৯০% সম্পন্ন হয়েছে। ২০২৫-২৬ অর্থবছরের ১ম পর্যায়ের কাজ সম্পন্ন হয়েছে এবং ২য় পর্যায়ের কাজ চলমান রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যান ও সদস্যদের পত্র প্রদান করা হয়েছে।<br>এছাড়াও এইচবিবি রাস্তার ১.০০ কিলোমিটার নির্মাণ কাজ চলমান রয়েছে। দুর্যোগ মোকাবিলায় পূর্ব প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে টিআর/কাবিখার কাজ ১০০% সমাপান্তে বিল প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৭ | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা অফিসারের প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, ২০২৫-২৬ অর্থবছরে অধিদপ্তর হতে এ উপজেলায় বয়স্ক ভাতার জন্য ৩১টি, বিধবা ভাতার জন্য ০৩টি, স্বামী নিগৃহীতা মহিলা ভাতার জন্য ২৭টি এবং প্রতিবন্ধী ভাতার জন্য ২২টি বরাদ্দ পাওয়া গেছে।<br>গত ৩০/০৪/২০২৬ তারিখের উপজেলা সামাজিক নিরাপত্তা বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বয়স্ক ও বিধবা ভাতার ক্ষেত্রে ইউনিয়ন কমিটি হতে প্রাপ্ত তালিকা উপজেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাই করে বাস্তবায়ন করা হয়। এছাড়াও প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে ডাক্তার কর্তৃক সার্টিফিকেট প্রদানের পর উপজেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাই করে বাস্তবায়ন করা হয়।<br>সভায় বিস্তারিত আলোচনা শেষে পার্শ্ববর্তী বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল ভাতার তালিকা বিধি মোতাবেক উপজেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাই করে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-০৩

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৮ | **প্রাথমিক শিক্ষা বিভাগ** | উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, উত্তর ভেলামারী সবুজসাথী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজ সংশ্লিষ্ট ঠিকাদার সঠিকভাবে করেননি। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>সভায় আলোচনা শেষে পাশ্ববর্তী বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | উত্তর ভেলামারী সবুজসাথী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজ পরিদর্শনপূর্বক শতভাগ সম্পন্ন নিশ্চিত করে বিল প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০৯ | **মহিলা বিষয়ক অধিদপ্তর** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, ভিডব্লিউবি (VWB) কর্মসূচির চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।<br>দুস্থ মহিলা ও শিশু সহায়তা তহবিল থেকে সহায়তার আবেদন আগামী ২০/০৫/২০২৬ তারিখের মধ্যে দাখিল করতে হবে মর্মে সভায় অবহিত করেন। মা ও শিশু সহায়তা খাতে গর্ভবতী নারীদের তালিকা এখনো চর রাজিবপুর ইউনিয়ন থেকে পাওয়া যায়নি।<br>সভায় বিস্তারিত আলোচনা শেষে পাশ্ববর্তী বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>চেয়ারম্যান, রাজিবপুর ইউনিয়ন পরিষদ মা ও শিশু সহায়তা খাতে গর্ভবতী নারীদের তালিকা প্রণয়নে বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১০ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, আগামী সপ্তাহে এ উপজেলায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা যোগদান করবেন মর্মে সভায় অবহিত করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১১ | **প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ২১/০৪/২০২৬ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.০২.২৪-৬৮৮ নং স্মারক পত্র মোতাবেক উপজেলা পরিষদের পুরাতন ভবনে পরিদর্শন কক্ষ স্থাপনের নির্দেশনা পাওয়া যায়। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ১০/০৫/২০২৬ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৪৫.২০. ০৩৬৯.২৬-৮৪০ নং স্মারক পত্র মোতাবেক উপজেলা পরিষদের পুরাতন ভবনে স্থাপিত পরিদর্শন কক্ষ মেরামত ও আসবাবপত্র ক্রয়ের লক্ষে ৬,০০,০০০/- (ছয়লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া নির্মিতব্য উপজেলা পাবলিক লাইব্রেরী বই পুস্তক ও আনুষঙ্গিক কার্যক্রমের জন্য উন্নয়ন সহায়তা খাত হতে ৫,০০,০০০/- (পাঁচলক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। ২০২৫-২৬ অর্থ বছরে সময় স্বল্পতার কারণে উক্ত বরাদ্দকৃত টাকার প্রকল্পের কাজ সভার সিদ্ধান্ত মোতাবেক কোটেশন/পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে।<br>২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে নিম্ন বর্ণিত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক পিআইসি কমিটির মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।<br>**প্রকল্প ঃ**<br>০১। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা সরঞ্জামাদি (আইভি কেনুলা, গজ, সিল্ক এবং গ্লোভস) সরবরাহকরণ- ৩,০০,০০০/- (তিনলক্ষ) টাকা। | ০১। উপজেলা পরিষদের পুরাতন ভবনের ২য়তলা পরিদর্শন কক্ষ স্থাপন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। পরিদর্শন কক্ষ মেরামত ও আসবাবপত্র ক্রয়/সরবরাহ করার কাজ এবং নির্মিতব্য পাবলিক লাইব্রেরীর বই পুস্তক ও আনুষঙ্গিক কার্যক্রমের বরাদ্দের কাজ কোটেশন/পিআইসি কমিটির মাধ্যমে বাস্তাবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে বর্ণিত প্রকল্পগুলি পিআইসি কমিটির মাধ্যমে বাস্তাবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।<br>০২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-০৪

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০২। বালিয়ামারী বিওপি ক্যাম্পের সেন্ট্রি চেকপোস্ট ও বাঙ্কার মেরামত/সংস্কারকরণ-২,২৫,০০০/- (দুইলক্ষ পঁচিশ হাজার) টাকা।<br>০৩। উপজেলা মিনি স্টেডিয়াম মাঠে ক্রিকেট খেলার প্র্যাকটিস পিচ ও চর রাজিবপুর উপজেলায় জেলা পরিষদের ডাকবাংলোর অভ্যন্তরীণ বাউন্ডারী ওয়াল সংস্কার ও মাটি ভরাটকরণ কাজ-১,৮০,০০০/- (একলক্ষ আশি হাজার) টাকা।<br>উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক মহোদয় ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি) কাজ শতভাগ সমাপ্ত না হলে বিল প্রদানের জন্য নথি প্রস্তত করা যাবে না মর্মে সভায় অবহিত করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১২ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, ২০২৫-২৬ অর্থবছরে এখন পর্যন্ত কোনো বরাদ্দ পাওয়া যায়নি। এছাড়াও অত্র উপজেলায় মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় টাঙ্গালিয়া পাড়ায় পানি শোধনাগার নির্মাণ কাজ চলমান রয়েছে। শোধনাগারে বিভিন্ন ধরনের যন্ত্রপাতি ঠিকাদার কর্তৃক সরবরাহ করা হয়েছে। আগামী ডিসেম্বর/২০২৬ মাসের পূর্বেই সুবিধাভোগীদের মধ্যে বিশুদ্ধ পানি সরবরাহ করা হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৩ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় কর্মকর্তার প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি একজন উপজেলা সমবায় কর্মকর্তা পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৪ | **পল্লী উন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৫ | **পরিবেশ ও বন বিভাগ** | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৬ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৭ | **পরিষদের রাজস্ব তহবিল** | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৫-২৬ অর্থ বছরে মে'২০২৬ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ) উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | ২০২৫-২৬ অর্থ বছরে মে'২০২৬ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম |

চলমান পাতা-০৫

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০১। মে'২০২৬ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০২। মে'২০২৬ খ্রিঃ মাসের অফিস আনুষঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, ভিক্সল, এ্যারোসল, হারপিক, কলম ইত্যাদি) বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৩। মে'২০২৬ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয় =১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৪। মে'২০২৬ খ্রিঃ মাসের পত্রিকা ব্যয় =১,৩৬২/- (একহাজার তিনশত বাষট্টি) টাকা।<br>০৫। মে'২০২৬ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৭০০৺২২ দিন) =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>০৬। মে'২০২৬ খ্রিঃ মাসের ০১ (এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৭০০৺২২ দিন) =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>০৭। মে'২০২৬ খ্রিঃ মাসের উপজেলা পরিষদ চত্ত্বরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর বেতন =৮,২৫০/- (আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>০৮। ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রকল্পের দরপত্র বিজ্ঞাপন ব্যয় বাবদ দৈনিক যুগের আলো পত্রিকার বিল =৮২,৮০০/- (বিরাশি হাজার আটশত) টাকা।<br>০৯। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের কর্মচারীদের মে'২০২৬ খ্রিঃ মাসের মূল বেতনের ১০% এর সমপরিমাণ টাকা প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাবে প্রদান বাবদ =৬,১৩২/- (ছয় হাজার একশত বত্রিশ) টাকা।<br>১০। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এর ০৩/০৫/২০২৬ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.০৪৬.১২-১৪৪ নং স্মারক পত্রের অনুমোদন মোতাবেক কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলার মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদের প্রাক্তন প্রশাসনিক কর্মকর্তার আনুতোষিক ভাতার অংশ ৫০% বাবদ =১৫,৬৪,৪০২/- (পনেরোলক্ষ চৌষট্টি হাজার চারশত দুই) টাকা।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৮ | **বিবিধ** | | | |
| ১৮ (১) | **রাজিবপুর ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ঈদ-উল আযহা উপলক্ষে ০১-০৯ নং ওয়ার্ডে ভিজিএফ কর্মসূচির বিশেষ ভিজিএফ আগামী ১৭ মে'২০২৬ হতে বিতরণ শুরু হবে। রাজিবপুর ইউনিয়নের বিভিন্ন রাস্তায় বসতবাড়ীর পার্শ্বে ঝুকিপূর্ণ ও মরা গাছ জরুরী অপসারণ করা প্রয়োজন। রাজিবপুর ইউনিয়নের বিভিন্ন রাস্তা ভারী বর্ষণের ফলে ভেঙ্গে গেছে ও জলাবদ্ধতার কারণে জনদুর্ভোগের সৃষ্টি হয়েছে।<br>ইউনিয়ন পরিষদ উন্নয়ন তহবিলের বরাদ্দ হতে নিয়মিতভাবে কাজ করার জন্য অনুমোদন প্রয়োজন।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে ভিজিএফ বিতরণ কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম |

চলমান পাতা-০৬

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮ (২) | কোদালকাটি ইউনিয়ন পরিষদ | প্যানেল চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (৩) | মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ | প্যানেল চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | প্যানেল চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮ (৪) | উপজেলা খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় সভায় উপস্থিত না থাকায় উপজেলা খাদ্য অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (৫) | উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। ২০২৫-২৬ অর্থ বছরে বরাদ্দ না থাকায় প্রশিক্ষণ করানো সম্ভব হচ্ছে না। অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (৬) | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮ (৭) | সাব-রেজিস্ট্রার বিভাগ | উপজেলা সাব-রেজিস্ট্রার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান উপজেলা সাব-রেজিস্ট্রার অফিসে আসবাবপত্র প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সাব-রেজিস্ট্রার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (৮) | হিসাবরক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮ (৯) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা) | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১০) | আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১১) | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১২) | পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১৩) | দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-০৭

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮(১৪) | **তথ্য আপা ঃ (২য় পর্যায়)** | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্যসেবা অফিসের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১৫) | **পল্লী বিদ্যুৎ সমিতি** | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, ২৪ ঘন্টায় ৭ ঘন্টা গ্রহকগণকে বিদ্যুৎ সেবা প্রদান করা হচ্ছে। চাহিদার তুলনায় সরবরাহ কম থাকায় লোডশেডিং করতে হচ্ছে। উপজেলা পর্যায়ে সকল দপ্তর ও কোয়ার্টারের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |

১৮(১৬) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব আয়ের স্বার্থে হেলিপ্যাড সংলগ্ন দক্ষিণ পার্শ্বের ছোট পুকুরটি ১৪৩৩ বঙ্গাব্দের অবশিষ্ট সময় হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদান করা যেতে পারে। উপজেলা পরিষদের হেলিপ্যাড সংলগ্ন দক্ষিণ পার্শ্বের ছোট পুকুরটির সরকারি মূল্য নির্ধারণ পূর্বক সভার সিদ্ধান্ত মোতাবেক উন্মুক্ত নিলাম ডাকের মাধ্যমে উপজেলা পরিষদের হেলিপ্যাড সংলগ্ন দক্ষিণ পার্শ্বের পকুরটি ১৪৩৩ বঙ্গাব্দের অবশিষ্ট সময় হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা যেতে পারে। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের হেলিপ্যাড সংলগ্ন দক্ষিণ পার্শ্বের পুকুরটি সরকারি মূল্য নির্ধারণ পূর্বক উন্মুক্ত নিলাম ডাকের জন্য গণবিজ্ঞপ্তি জারী করতঃ উন্মুক্ত নিলাম ডাকের মাধ্যমে ১৪৩৩ বঙ্গব্দের অবশিষ্ট সময় হতে ৩০ চৈত্র ১৪৩৫ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**১৮(১৭)** উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় আরও জানান যে, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রামের ১নং সুপার মার্কেট-এর কক্ষের ভাড়া বৃদ্ধির লক্ষ্যে মার্চ/২০২৬ মাসের সভার সিদ্ধান্ত মোতাবেক কমিটি গঠন পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়। উক্ত কমিটি কর্তৃক কক্ষের ভাড়া ৪,০০০/- (চার হাজার) টাকা নির্ধারণের সুপারিশসহ প্রতিবেদন দাখিল করা হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক ভাড়া পুনঃনির্ধারণের বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

(০১) ১নং সুপার মার্কেটের কক্ষের মাসিক ভাড়া পূর্ব নির্ধারিত ২,০০০/- (দুই হাজার) টাকার পরিবর্তে ৩,০০০/- (তিন হাজার) টাকা পুনঃনির্ধারণ করতঃ জুলাই/২০২৬ হতে কার্যকর করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(০২) পুনঃনির্ধারিত ভাড়া প্রতি মাসের ০১ হতে ০৫ তারিখের মধ্যে উপজেলা পরিষদ সুপার মার্কেটের চলতি হিসাব নং-৫২১৫৯০২০০০৮১৬, সোনালী ব্যাংক পিএলসি, রাজিবপুর শাখায় জমা প্রদানপূর্বক জমা রশিদের কপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

(০৩) জুলাই/২০২৬ হতে উক্ত ভাড়া কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সংশ্লিষ্ট লীজগ্রহীতাকে এ বিষয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**১৮(১৮)** উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় আরও জানান যে, চর রাজিবপুর মৌজায় উপজেলা পরিষদের ১১ নং খতিয়ানভুক্ত বিভিন্ন দাগের জায়গায় অবৈধভাবে দোকানপাট ও স্থাপনা নির্মাণ করা হয়েছে। উক্ত দখলদারদের নোটিশ প্রদান করা হয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে দেখা যায়, উপজেলা পরিষদের নামীয় খতিয়ানের কিছু দাগের বিষয়ে এক তরফাসূত্রে আদালত হতে রায় রয়েছে, কিছু দাগের বিষয়ে দেওয়ানী মামলা/ রীট মামলা চলমান রয়েছে, কিছু দাগের দখলদার কর্তৃক তাদের অবস্থানের স্বপক্ষে কোনো ধরণের কাগজপত্র নাই। সভাপতি জানান যে, উপজেলা পরিষদের সম্পত্তির সুষ্ঠূ ব্যবস্থাপনার স্বার্থে এ বিষয়ে জরুরী সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। সভায় আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। উপজেলা পরিষদের যেসকল দাগের সম্পত্তি পেরিফেরীভুক্ত রাজিবপুর হাটের অংশের সাথে লাগোয়া এবং বর্তমানে দোকান হিসেবে অবৈধ দখলকারগণ ব্যবহার করছে সেসকল দোকানদারগণ স্বেচ্ছায় দখল হস্তান্তর করে লীজ গ্রহণে আগ্রহী হলে তাদের বরাবর লীজ প্রদানের অনুমতি চেয়ে জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। অন্যান্য অবৈধ স্থাপনা উচ্ছেদের জন্য জেলা প্রশাসক, কুড়িগ্রাম বরাবর পত্র প্রেরণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। যেসকল দাগের বিষয়ে এক তরফা রায় হয়েছে/মামলা চলমান রয়েছে সেক্ষেত্রে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য কার্যক্রম গ্রহণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-০৮

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/০৫/২৬

(এ.এফ.এম. শামীম)
প্রশাসক (অঃদাঃ)
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৬-৫১৯

তারিখ ঃ ৩১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৫। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার পূর্বে প্রেরণ করার অনুরোধ করা হলো।
০৬। ........................................................................................ কুড়িগ্রাম।
০৭। সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৮। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ, ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৯। অফিস কপি।

১৪/০৫/২৬

(এ.এফ.এম. শামীম)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
মোবাইল ঃ ০১৭০৯-৯৭৪৫০৮
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd